# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/২০০৮ তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদসংখ্যা | ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদসংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | অধ্যাপক (ফার্মেসী বিভাগ)<br>গ্রেড-৩, (৫৬৫০০-৭৪৪০০) | ০১ টি | ১২ | সহকারী অধ্যাপক (লোক প্রশাসন বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০১ টি |
| ০২ | অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ)<br>গ্রেড-৩, (৫৬৫০০-৭৪৪০০) | ০১ টি | ১৩ | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০২ টি |
| ০৩ | সহযোগী অধ্যাপক (পরিসংখ্যান বিভাগ)<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ০১ টি | ১৪ | সহকারী অধ্যাপক (ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০১ টি |
| ০৪ | সহযোগী অধ্যাপক (ফার্মেসী বিভাগ)<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ০১ টি | ১৫ | প্রভাষক (গণিত বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০২ টি |
| ০৫ | সহযোগী অধ্যাপক (লোক প্রশাসন বিভাগ)<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ০১ টি | ১৬ | প্রভাষক (পদার্থবিজ্ঞান বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ টি |
| ০৬ | সহযোগী অধ্যাপক (নৃবিজ্ঞান বিভাগ)<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ০১ টি | ১৭ | প্রভাষক (পরিসংখ্যান বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ টি |
| ০৭ | সহযোগী অধ্যাপক (ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ)<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ০১ টি | ১৮ | প্রভাষক (ফার্মেসী বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ টি |
| ০৮ | সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০১ টি | ১৯ | প্রভাষক (ইংরেজী বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ টি |
| ০৯ | সহকারী অধ্যাপক (রসায়ন বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০১ টি | ২০ | প্রভাষক (প্রত্নতত্ত্ব বিভাগ)<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০১ টি |
| ১০ | সহকারী অধ্যাপক (ইংরেজি বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০২ টি | ২১ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ<br>গ্রেড-৯, (২২০০০-৫৩০৬০/-) | ০২ টি |
| ১১ | সহকারী অধ্যাপক (অর্থনীতি বিভাগ)<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ০১ টি | | | |

**উল্লেখ্য যে, ইতোপূর্বে স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/৪৯৪; তারিখঃ ১০/০৩/২০২৫ এর আলোকে শুধুমাত্র নৃবিজ্ঞান বিভাগে সহযোগী অধ্যাপক পদে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

আগ্রহী প্রার্থীদেরকে উপরোল্লিখিত পদসমূহের বিপরীতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd) এ প্রকাশিত নির্ধারিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীর আলোকে আগামী ১৭/১১/২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

২৬/১০/২০২৫

(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

# যোগ্যতা ও অভিজ্ঞতা

| নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | **অধ্যাপক**<br>ফার্মেসী বিভাগ-০১টি<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১টি<br>গ্রেড-৩, (৫৬৫০০-৭৪৪০০) | ১। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩। স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪। এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬। সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকতে হবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬(ছয়) টি প্রকাশনা থাকতে হবে এবং First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| ০২ | **সহযোগী অধ্যাপক**<br>পরিসংখ্যান বিভাগ-০১টি<br>ফার্মেসী বিভাগ-০১টি<br>লোক প্রশাসন বিভাগ-০১টি<br>নৃবিজ্ঞান বিভাগ-০১টি<br>ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ-০১টি<br>গ্রেড-৪, (৫০০০০-৭১২০০/-) | ১। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩। স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪। এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬। প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| ০৩ | **সহকারী অধ্যাপক**<br>পদার্থবিজ্ঞান বিভাগ-০১টি<br>রসায়ন বিভাগ-০১টি<br>অর্থনীতি বিভাগ-০১টি<br>লোক প্রশাসন বিভাগ-০১টি<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-০২টি<br>ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ-০১টি<br>ইংরেজি বিভাগ-০২টি<br>গ্রেড-৬, (৩৫৫০০-৬৭০১০) | ১। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২। (ক) পদার্থবিজ্ঞান/রসায়ন/অর্থনীতি/লোকপ্রশাসন/সিএসই/আইসিটি বিভাগের ক্ষেত্রে প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা উভয়টিতে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(খ) ইংরেজি বিভাগের ক্ষেত্রে প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা যে কোন একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ৩। স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪। এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬। স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| ০৪ | **(ক) প্রভাষক**<br>গণিত বিভাগ - ০২টি<br>পদার্থবিজ্ঞান বিভাগ - ০১টি<br>পরিসংখ্যান বিভাগ - ০১টি<br>ফার্মেসী বিভাগ-০১টি<br>ইংরেজী বিভাগ - ০১টি<br>প্রত্নতত্ত্ব বিভাগ-০১টি<br>(খ) প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে)<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ-০২টি<br>গ্রেড-৯, বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- | ১। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২। গণিত/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/ফার্মেসী/প্রত্নতত্ত্ব/গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ক্ষেত্রে প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা উভয়টিতে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ নূন্যতম ৩.৫০ অথবা প্রথম শ্রেণী থাকতে হবে।<br>৩। ইংরেজি বিভাগের ক্ষেত্রে প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা যেকোনো একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ নূন্যতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ নূন্যতম ৩.২৫ অথবা প্রথম শ্রেণী থাকতে হবে। |

## প্রার্থীর জন্য শর্তাবলী এবং জ্ঞাতব্য বিষয়সমূহ

০১। আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা' বরাবর আগামী ১৭/১১/২০২৫ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.cou.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে।

০৩। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

০৪। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৫। অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।

০৬। (ক) প্রার্থীদেরকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে ১১ (এগারো) এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে ১০ (দশ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

(খ) সকল পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৭। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ শাখা কর্তৃক ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ মোতাবেক কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বর্ণিত পদে আবেদনের জন্য প্রার্থীকে জনতা ব্যাংক পিএলসি এর যেকোন শাখা হতে ২০০/- (দুইশত) টাকার সংগৃহিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক পিএলসি, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে হতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৮। চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারী কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নির্ধারিত ফরম (চাকুরিরত প্রার্থীর জন্য বিভাগীয় অনাপত্তিপত্র) সংগ্রহ করে চাকুরিরত প্রতিষ্ঠান থেকে অনুমতি নিবেন এবং তা আবেদনের সাথে সংযুক্ত করবেন। যে প্রতিষ্ঠান থেকে আবেদনকারী আবেদন করবেন সে প্রতিষ্ঠানের রেজিস্ট্রার অথবা দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি অনুমতিপত্র প্রদান করলে এবং উল্লিখিত বিষয়গুলো উল্লেখ থাকলে আবেদনকারী যথাযথ প্রক্রিয়ায় আবেদন করেছেন মর্মে বিবেচিত হবে। কোন পদে

নিয়োগ পাওয়ার পরও প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও চাকরি সংক্রান্ত অন্যান্য তথ্যে কোনো ধরণের অসংগতি/মিথ্যা/ভুল পরিলক্ষিত হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৯। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের সর্বশেষ প্রজ্ঞাপন (নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১, তারিখঃ ২৩ জুলাই ২০২৪) অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। প্রত্যেক প্রার্থীকে প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।

১২। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত ও সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত সুবিধা প্রদান করা হবে না।

১৫। অভ্যন্তরীন প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকার সাধারণ নিয়মাবলীর ২ (৯) (১০) নং শর্ত প্রযোজ্য হবে।

১৬। কোন প্রকার তদবির, সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(স্বাক্ষরিত) 26/10/2024

(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।